Collaborative Curriculum
and Assessment Framework
for Languages

Student/Registration Number | | | | | | | | | | | | Centre Number | | | | | | |

# 2025 Bengali Examination

## Continuers Level

**Date**: Thursday 16 October 2025, 2 pm Australian Eastern Daylight Time

- Reading time: **10 minutes**
- Working time: **2 hours**
- Total marks: **65**

### Approved materials

- Black or blue pens
- Monolingual and/or bilingual printed dictionaries

### Materials supplied

- Question-and-answer booklet

### Instructions

- You may consult your dictionaries during reading time and also during the examination.
- Write all your answers in the spaces provided in this booklet. The spaces provided give you an idea of how much you should write.
- You **must not** write during reading time.

### Contents

page(s)

**Section 1** – Responding to texts

- **Question 1** (7 marks) 2–3
- **Question 2** (8 marks) 4–5
- **Question 3** (15 marks) 6–9

**Section 2** – Creating texts

- **Question 4** (15 marks) 10–13
- **Questions 5 and 6** (20 marks) 14–18

© VCAA 2025

VICTORIAN CURRICULUM AND ASSESSMENT AUTHORITY

VICTORIA State Government

# **Section 1** – Responding to texts (30 marks)

Allow approximately 50 minutes for Section 1.

**Question 1** – Listening in Bengali and responding in English (7 marks)

## Instructions

- Text 1 will be played twice. There will be a short break between each playing.
- You may write notes at any time in the space provided. These notes will not be assessed.
- Listen carefully to the text and then answer the questions in **ENGLISH**.
- Responses in languages other than English will not be assessed.
- All responses **must** be based on the text.

**Your response will be assessed on how well you:**

- analyse general and specific relevant information, ideas, opinions, perspectives and/or aspects of texts to convey meaning.

**Question 1** **Marks**

**a.** Describe **three** challenges that Novera Ahmed faced as a sculptor in Bangladesh. **3**

Write your notes here. Notes will **not** be assessed.

**Marks**

**b.** Many of Novera’s artworks are considered the first of their kind. Identify **four** examples from the text. **4**

Write your notes here. Notes will **not** be assessed.

## **Question 2** – Listening and responding in Bengali (8 marks)

### Instructions

- Text 2 will be played twice. There will be a short break between each playing.
- You may write notes at any time in the space provided. These notes will not be assessed.
- Listen carefully to the text and then answer the questions in **BENGALI**.
- Responses in languages other than Bengali will not be assessed.
- All responses **must** be based on the text.

**Your response will be assessed on how well you:**

- analyse general and specific relevant information, ideas, opinions and/or perspectives to convey meaning.

**Question 2** **Marks**

Write your notes here. Notes will **not** be assessed.

**a.** Apart from music sessions and singing, what other activities do the volunteers take part in with the residents at the aged care home? **4**

সংগীতের আসর এবং গান গাওয়ার পাশাপাশি স্বেচ্ছাসেবকরা বৃদ্ধনিবাসের বাসিন্দাদের সাথে আর কী কী কাজকর্মে অংশগ্রহণ করেন?

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

**Marks**

Write your notes here. Notes will **not** be assessed.

**b.** Summarise how the act of volunteering in an aged care home benefits the volunteers, according to the conversation. **4**

কথোপকথন অনুসারে, বৃদ্ধনিবাসে স্বেচ্ছাসেবার কাজ কীভাবে স্বেচ্ছাসেবকদের উপকার করে তা সংক্ষেপে বর্ণনা কর।

______________________________________________

______________________________________________

______________________________________________

______________________________________________

______________________________________________

______________________________________________

______________________________________________

______________________________________________

**Question 3** – Reading and listening in Bengali, responding in English (15 marks)

## Instructions

- This question consists of a reading text, Text 3A, and a related listening text, Text 3B.
- You have 5 minutes to read Text 3A. At the end of the 5 minutes, Text 3B will be played. The text will be played twice. There will be a short break between each playing.
- You may write notes at any time in the space provided. These notes will not be assessed.
- Answer the questions in **ENGLISH**.
- Responses in languages other than English will not be assessed.
- All responses **must** be based on the text(s).

---

**Your response will be assessed on how well you:**

- analyse general and specific relevant information, ideas, opinions, perspectives and/or aspects of texts to convey meaning
- synthesise relevant information, ideas, opinions and/or perspectives from different texts.

---

### Text 3A

**অষ্ট্রেলিয়ায় চাকুরির ভবিষ্যৎ: উদীয়মান প্রবণতা ও সুযোগসমূহ**

অস্ট্রেলিয়ার কর্মক্ষেত্র আগামী দশকে উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্য দিয়ে যাবে বলে আশা করা হচ্ছে এবং বেশ কয়েকটি খাতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি দেখা যাচ্ছে। জবস অ্যান্ড স্কিলস অষ্ট্রেলিয়া এর সর্বশেষ রিপোর্টে চারটি প্রধান ক্ষেত্রে ৩৭টি উদীয়মান পেশার কথা উল্লেখ করা হয়েছে।

ক্লিন এনার্জি-সম্পর্কিত কাজ, বিশেষ করে বৈদ্যুতিক গাড়ির রক্ষণাবেক্ষণ এবং শক্তি কর্মক্ষমতা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাবে। এই ক্ষেত্রে বিশেষজ্ঞদের জন্য অনেক চাহিদা তৈরি হবে।

স্বাস্থ্যসেবা এবং সামাজিক সহায়তা শিল্পগুলি সবচেয়ে বেশি বৃদ্ধি পাবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে, আগামী পাঁচ বছরে কর্মসংস্থান প্রায় ১৬% বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। উল্লেখযোগ্য উদীয়মান চাকরির মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের থেরাপিস্ট এবং সহায়তা সমন্বয়কারী- উভয় পেশার জন্য চাকরির বিজ্ঞাপন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

ডেটা এবং প্রযুক্তি খাত ক্রমাগত বিকশিত হচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তা প্রকৌশলী, ক্লাউড ডেভেলপার, অটোমেশন ইঞ্জিনিয়ার এবং মেশিন লার্নিং ইঞ্জিনিয়ারদের চাহিদা ক্রমবর্ধমানভাবে বৃদ্ধি পাচ্ছে।

বিজ্ঞান ও প্রকৌশল শিল্পে উল্লেখযোগ্য উদ্ভাবন লক্ষ্য করা যাবে যা কৃষি, টেক্সটাইল, বায়োটেকনোলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং মহাকাশ অনুসন্ধানের মতো বিভিন্ন ক্ষেত্রে আরও বেশি কর্মসংস্থান সৃষ্টি করবে।

**Text 3A – continued**

অস্ট্রেলিয়ার চাকরির বাজারে এসব পরিবর্তনের কারণে ভবিষ্যৎ চাকরি প্রার্থীরা বিভিন্ন নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হবে। স্বয়ংক্রিয়তা এবং কৃত্রিম বুদ্ধিমত্তার অগ্রগতির কারণে উৎপাদন, গ্রাহক সেবা এবং প্রশাসনের মতো প্রথাগত পেশা গুলি অনেক ঝুঁকির মধ্যে রয়েছে। দক্ষতার অমিল এবং ক্রমাগত আপস্কিলিংয়ের প্রয়োজনীয়তার জন্য কিছু বর্তমান দক্ষতা অপ্রয়োজনীয় হয়ে যেতে পারে। চাকরিপ্রার্থীদের জন্য আরেকটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ হল কর্মক্ষেত্রে আন্তঃসাংস্কৃতিক বোঝাপড়ার উন্নতির জন্য দক্ষতা অর্জন করা।

বিশেষজ্ঞরা পরামর্শ দেন যে যদিও ভবিষ্যতে অনেক চাকরির জন্য মাধ্যমিক-পরবর্তী যোগ্যতার প্রয়োজন হবে, তাতে প্রথাগত বিশ্ববিদ্যালয় ডিগ্রির প্রয়োজন নাও হতে পারে। এই কারণেই তরুণদের বিকল্প পথ যেমন বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ খুঁজতে উৎসাহিত করা হচ্ছে।

**Question 3**

**Text 3A**

| | Marks |
|---|---|
| **a.** What are the key sectors that will experience significant job growth? | **4** |

Write your notes here. Notes will **not** be assessed.

**Question 3** continues on the next page.

**Text 3B** **Marks**

Write your notes here. Notes will **not** be assessed.

**b.** Describe the importance of the **two** human qualities that Rakib mentions in the conversation. **4**

**Texts 3A and 3B** **Marks**

Write your notes here. Notes will **not** be assessed.

**c.** Using information from Texts 3A and 3B, identify the challenges Australian jobseekers will face in the future and the solutions that will help them overcome these challenges. **7**

**End of Section 1**

## **Section 2** – Creating texts (35 marks)

Allow approximately 70 minutes for Section 2.

**Question 4** – Reading and responding in Bengali (15 marks)

### Instructions

- Read Text 4 and write a response of approximately 150 words in **BENGALI**.
- Question 4 is phrased in both English and Bengali.
- Responses in languages other than Bengali will not be assessed.

**Your response will be assessed on how well you:**

- analyse relevant information, ideas, opinions and/or perspectives from the stimulus text(s)
- respond to the question appropriately for the context, purpose and audience
- use appropriate language structures and vocabulary accurately.

### Text 4

## রেহমান'স ব্লগ

### বন ও বন্যপ্রাণী সংরক্ষণ: আমাদের দায়িত্ব

**০১ অক্টোবর ২০২৫, সন্ধ্যা ৮:৩০**



বন এবং বন্যপ্রাণী আমাদের প্রকৃতির অপরিহার্য অংশ। গাছপালা এবং প্রাণীরা একসঙ্গে প্রকৃতির ভারসাম্য রক্ষা করে পরিবেশকে সুস্থ ও প্রাণবন্ত রাখে। কিন্তু দুঃখজনকভাবে, মানুষের বিভিন্ন কর্মকাণ্ড, যেমন বন ধ্বংস, জলদূষণ, বায়ুদূষণ, জলবায়ু পরিবর্তন, ইত্যাদির কারণে অনেক প্রাণী বিলুপ্তির পথে। তাই আমাদের দায়িত্ব বন ও বন্যপ্রাণী সংরক্ষণ করা।

প্রতিটি প্রাণী তার নিজস্ব নিয়মে পরিবেশের ভারসাম্য রক্ষা করে। যদি কোনো এক প্রজাতি হারিয়ে যায়, তবে তা খাদ্যচক্রের ভারসাম্য নষ্ট করে এবং অন্যান্য প্রাণীর জীবনে নেতিবাচক প্রভাব ফেলে। বন্যপ্রাণী অর্থনৈতিক দিক থেকেও গুরুত্বপূর্ণ। অনেক মানুষের জীবিকা বনের সম্পদের উপর নির্ভর করে। এছাড়া, বন অক্সিজেনের প্রধান

উৎস। গাছপালা কার্বন ডাই অক্সাইড শোষণ করে পরিবেশকে দূষণমুক্ত রাখে। বন উজাড় হলে জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি পায়। এই পরিবর্তনের প্রভাব শুধু প্রাণীজগত নয়, বরং মানুষের জীবনেও পড়ে।

তাই, আমাদের উচিত বনভূমি রক্ষা করা, শিকার বিরোধী আইন মেনে চলা এবং পরিবেশকে টেকসই উপায়ে ব্যবহার করা। এই লক্ষ্যে সরকার, বেসরকারি সংস্থা এবং সাধারণ মানুষের একসঙ্গে কাজ করা দরকার। প্রতিটি ছোট উদ্যোগ, যেমন গাছ লাগানো, বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে প্রচারণা করা এবং দূষণ কমানো, আমাদের পরিবেশ রক্ষায় বড় ভূমিকা রাখতে পারে।

Source (image): sarayut_sy/Shutterstock.com

You may make notes in this space. These notes will **not** be assessed.

**Question 4**

You have read the blog post by environmental activist Rehman about the loss of wildlife habitat due to deforestation. Using the ideas from the blog post and the image, write an imaginative story from the perspective of one of the animals in the image, outlining what they hope that humans can do to improve the situation. The story will be published in a magazine for young readers.

তুমি বন উজাড়ের কারণে বন্যপ্রাণীর আবাসস্থলের ক্ষতি সম্পর্কে পরিবেশকর্মী রেহমানের লেখা একটি ব্লগ পোস্ট পড়েছ। উক্ত ব্লগ পোস্টে উল্লেখিত ভাবনা ও ছবি থেকে ধারণা নিয়ে ছবির একটি প্রাণীর দৃষ্টিকোণ থেকে একটি কাল্পনিক গল্প লিখ। গল্পে পরিস্থিতির উন্নতির জন্য মানুষের করনীয় সম্পর্কে প্রাণীরা কী কী প্রত্যাশা করে তা বর্ণনা কর। গল্পটি তরুণ পাঠকদের জন্য একটি ম্যাগাজিনে প্রকাশিত হবে।

## **Questions 5 and 6** – Writing in Bengali (20 marks)

### Instructions

- Question 5 and Question 6 are written in English and Bengali.
- Choose **one** question, either Question 5 **or** Question 6.
- Write a response of approximately 250 words in **BENGALI**.
- Responses in languages other than Bengali will not be assessed.

---

**Your response will be assessed on how well you:**

- create text appropriate for the context, purpose and audience
- demonstrate depth of treatment of information, ideas, opinions or perspectives
- sequence information, ideas, opinions or perspectives cohesively
- use a range of appropriate language structures and vocabulary
- use vocabulary and language structures accurately.

---

**Question 5** (20 marks)

You lost your phone for one week and during that time you unexpectedly discovered some new leisure activities. You shared your experience with your teacher, who has asked you to speak to your classmates. Write the script of a speech to persuade your classmates about the benefits of reducing their mobile phone use.

তুমি এক সপ্তাহের জন্য তোমার ফোন হারিয়ে ফেলেছ। এই সময়টাতে তুমি অপ্রত্যাশিতভাবে কিছু নতুন অবকাশকালীন কাজকর্ম আবিষ্কার করেছ। তুমি তোমার এই অভিজ্ঞতার কথা তোমার শিক্ষকের সাথে আলোচনা করেছ। তিনি তোমাকে পরামর্শ দিয়েছেন মোবাইল ফোন ব্যবহারের সময় কমানোর উপকারিতা সম্পর্কে তোমার সহপাঠীদের উৎসাহিত করে একটি বক্তব্য দিতে। এই বক্তব্যের জন্য একটি খসড়া তৈরি কর।

**OR**

**Question 6** (20 marks)

You attended a festival at your local community centre, where you learned about traditional Bengali food and culture. Write a diary entry describing your experiences at the festival and reflecting on how it shaped your cultural understanding.

তুমি তোমার স্থানীয় কমিউনিটি সেন্টারে একটি খাদ্য ও সাংস্কৃতিক উৎসবে যোগ দিয়েছ যেখানে তুমি ঐতিহ্যবাহী বাঙালি খাবার ও সংস্কৃতি সম্পর্কে জেনেছ। উৎসবে তোমার অভিজ্ঞতা এবং এই উৎসব কীভাবে সংস্কৃতি সম্পর্কে তোমার ধারণা গড়ে তোলায় অবদান রেখেছে তা বর্ণনা করে একটি দিনলিপি লিখ ।

You may make notes in this space. These notes will **not** be assessed.

Select either Question 5 **or** Question 6 by placing a tick (✓) in one of the boxes below.

Question 5 ☐ Question 6 ☐

**End of examination questions**

**This page is blank.**

© Victorian Curriculum and Assessment Authority 2025